"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৩.২৩.০১৩.১৭ - ৪৬ তারিখঃ ১৯ ফেব্রুয়ারী, ২০১৮খ্রিঃ।

বিষয় : আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস- ২০১৮ উদযাপনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে আন্ত: মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.৯৯.০১৩.২০১৭-১৩৭, তারিখ : ১২ ফেব্রুয়ারী, ২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

(মো: অহিদুল ইসলাম)
যুগ্ম-সচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ)

বিতরণ :

১-৪ । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ।

৫-৫৪ । অধ্যক্ষ, ------------------------------------পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

৫৫-১১৮ । অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ------------------------------------

১১৯-১২২ । আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা।

অনুলিপিঃ

১-৫ । পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৬ । জনাব মো: আব্দুল্লাহ, উপ-সচিব, কারিগরি-১, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৭ । ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮ প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৯ । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০ । নথি।

কারিগরি শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর

| পরিচালক | |
|---|---|
| প্রশাসন | |
| ভোকেশনাল | |
| পরিঃ ও উন্নঃ | |
| পি.আই.ইউ | |
| পি.আই.ডব্লিউ | ✓ |

মহাপরিচালক
তারিখঃ ১৯/০২/২০১৮

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি-১ শাখা
www.tmed.gov.bd

নথি নং- ৫৭.০০.০০০০.০৫১.৯৯.০১৩.২০১৭/ ১৬৭ তারিখঃ ৩০ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় ঃ আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস-২০১৮ উদযাপনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সুত্রঃ ঃ নং-৩২.০০.০০০০.০৪১.২২.০০১.১৮.২৮, তারিখঃ ২৯/০১/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদ্সঙ্গে প্রেরণ করা হল। পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২.০২.১৮
(মোঃ আব্দুল্লাহ)
উপসচিব
ফোনঃ ৯৫ ৮৪ ৬৬৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা।

০২। চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

০৩। পরিচালক
জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।

অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

# অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় ঃ আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস-২০১৮ উদযাপনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ নাছিমা বেগম এনডিসি
সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

স্থান ঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ(কক্ষ নং-৩২৩)

তারিখ ঃ ১০/০১/২০১৮খ্রী.

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-ক।

সভাপতি সভার প্রারম্ভে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করে উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি আরো জানান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস ও জাতীয় শিশু দিবস আমাদের জাতীয় জীবনে বিশেষভাবে গুরুত্বপূর্ণ। বঙ্গবন্ধুকে টুঙ্গীপাড়ায় সমাহিত করা হয়েছে বলে টুঙ্গীপাড়ায় মূল অনুষ্ঠান পরিচালিত হলেও সারাদেশে যথাযোগ্য মর্যাদায় এ দিবস উদযাপন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর **৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর '' মেমোরি অব দ্য' ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিষ্টার -এ অন্তর্ভুক্তির মাধ্যমে '' বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য'র '' স্বীকৃতি** লাভ করেছে। এ অসামান্য অর্জনে অনুপ্রাণিত হয়ে মুক্তিযুদ্ধের চেতনা ও জাতির পিতার আদর্শকে ধারণ করে এ দেশের শিশুরা সুনাগরিক হিসেবে নিজেদের গড়ে তুলবে। প্রতিবছরই সরকারের সর্বস্তরের সক্রিয় সহযোগিতায় এই দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে পালন করা হয়। এবার অধিকতর সফলভাবে দিবসটি উদযাপনের জন্য তিনি সভায় উপস্থিত সকলকে অনুরোধ করেন।

২। আগামী ১৭ মার্চ, ২০১৮ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস জাতীয়ভাবে এবং দেশের সকল জেলা ও উপজেলায় যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এ আন্তঃমন্ত্রণালয় প্রস্তুতিমূলক সভার আয়োজন করা হয়েছে।

৩। **আলোচনা ঃ সভায় নিম্নরূপ আলোচনা হয়।**

৩.১ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে প্রতিবছরের ন্যায় এ বছরও পুষ্পস্তবক অর্পণ করা হবে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এ বিষয়ে সার্বিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

৩.২ মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর টুঙ্গীপাড়ায় গমন এবং জাতির পিতার মাজারে পুষ্পস্তবক অর্পণ ও 'অনার গার্ড' প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উন্নয়ন মেলা আয়োজনে ব্যস্ততার কারণে জেলা প্রশাসক গোপালগঞ্জের অনুপস্থিতিতে উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গীপাড়া সভায় যোগদান করেন। সভাপতি আলোচ্য দিবস পালনে সার্বিক ব্যবস্থা সম্পর্কে জানতে চাইলে তিনি জানান এ বিষয়ে সকল ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ১৭ মার্চ উপলক্ষ্যে গোপালগঞ্জে আগত অতিথিবৃন্দের আবাসন ব্যবস্থা নিকটবর্তী জেলাসমূহে নিশ্চিত করণের বিষয়ে সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গীপাড়াকে সমন্বয় করার নির্দেশনা দেন।

৩.৩ পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি জানান, ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর ''মেমোরি অব দ্য' ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিষ্টার'' -এ অন্তর্ভুক্তির মাধ্যমে '' বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য'র '' স্বীকৃতি লাভ করায় বাংলাদেশ শিশু একাডেমির উদ্যোগে দেশব্যাপী চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়। উক্ত প্রতিযোগিতায় শিশুদের আঁকা চিত্রসমূহ নিয়ে গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় ''আমার ভাবনায় ৭ই মার্চ '' শীর্ষক চিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি সভাপতিকে অনুরোধ জানান। সভাপতি এ প্রস্তাবকে স্বাগত জানান এবং বলেন এ বিষয়ে টুঙ্গীপাড়ায় অনুষ্ঠান স্থলে স্থান বরাদ্দসহ সার্বিক ব্যবস্থা জেলা প্রশাসক গোপালগঞ্জ গ্রহণ করবেন। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি আরো জানান টুঙ্গীপাড়ার অনুষ্ঠানে সাধারণত স্থানীয় শিশু শিল্পীরা অংশগ্রহণ করে থাকে। এ বছর তিনি বাংলাদেশ শিশু একাডেমির কেন্দ্রীয় কার্যালয়ে শিশু শিল্পীদের পরিবেশনায় ''ভালবাসি বাংলাদেশ'' নামক নৃত্য নাট্য উপস্থাপনের এবং আলোচ্য অনুষ্ঠানে শেখ রাসেলের নামে একটি স্মারক ডাক টিকেট প্রকাশের প্রস্তাব করেন। সভাপতি বলেন স্মারক ডাকটিকেটের নমুনায় মন্ত্রণালয়ের অনুমোদন নিতে হবে।

৩.৪ সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোচ্য দিবস উপলক্ষে আলোচনা সভা ও রচনা প্রতিযোগিতায় ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণকে গুরুত্ব দেয়ার বিষয়ে মতামত ব্যক্ত করেন। সভাপতি এ বিষয়ে একমত পোষন করে বলেন এর মাধ্যমে এদেশের শিশুদের দেশাত্ববোধ ও নেতৃত্ব দানের স্পৃহা গড়ে উঠবে। এছাড়া আলোচ্য দিবস উপলক্ষ্যে বাংলাদেশ টেলিভিশনে দিনব্যাপী বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপস্থিত বাংলাদেশ টেলিভিশনের প্রতিনিধিকে অনুরোধ জানান। এ বিষয়ে তিনি বাংলাদেশ টেলিভিশনকে.পত্র দেয়ার জন্য শাখা অফিসারকে নির্দেশনা দেন।

৩.৫ সভাপতি বাংলাদেশ শিশু একাডেমির পরিচালক এবং সভায় উপস্থিত সদস্যদের দিবসটি উপলক্ষ্যে একটি যুক্তিযুক্ত প্রতিপাদ্য উপস্থাপনের জন্য অনুরোধ করেন। বাংলাদেশ শিশু একাডেমির পরিচালক জানান পরবর্তীতে তিনি প্রতিপাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

৩.৬ জেলা ও উপজেলা সদরে সুবিধাজনক সময়ে বঙ্গবন্ধুর জীবনী ও মহান মুক্তিযুদ্ধভিত্তিক পুস্তক ও ডকুমেন্টারী সপ্তাহব্যাপী প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি এ উপলক্ষে ৭ই মার্চ এর ভাষণ প্রচারের বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

৩.৭ সভায় সভাপতি দিবসটি উপলক্ষ্যে সারাদেশের মাঠসমূহে বিশেষ খেলার আয়োজন করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। সভায় উপস্থিত সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করে অভিমত ব্যক্ত করেন যে সকল পুরস্কার বঙ্গবন্ধু জীবনভিত্তিক বই হতে পারে। এ লক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমি হতে প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৫টি বই সকল জেলা ও উপজেলায় প্রেরণ করা যায়।

৩.৮ বিবিধ আলোচনায় সভাপতি রংধনু মিডিয়া এ্যাড কর্তৃক জাতীয় শিশু দিবস-২০১৮ উপলক্ষ্যে ঢাকার গুরুত্বপূর্ণ স্থানসমূহ সাজসজ্জাকরণ বিষয়ে দাখিলকৃত একটি আবেদন পত্রের বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষন করেন। তিনি জানান গত জাতীয় শিশু দিবস উপলক্ষেও একই বিষয়ে দুটি প্রতিষ্ঠান আবেদন করলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মতামতের ভিত্তিতে আবেদন নাকচ করা হয়। আলোচ্য আবেদন সম্পর্কে সভায় উপস্থিত সদস্যগণ পূর্বের নজিরের বিষয়ে একমত পোষণ করেন। সকল সিটি কর্পোরেশন এবং তিনটি পার্বত্য জেলা পরিষদ দিবসটি উপলক্ষ্যে গুরুত্বপূর্ণ স্থান সাজ সজ্জাকরণ করতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

৩.৯ পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি সভাপতির অনুমতিক্রমে **"উঠবো জেগে ছুটবো বেগে"** নামক বাংলাদেশ শিশু একাডেমির কর্মকান্ড ভিত্তিক একটি কর্মসূচির ডকুমেন্টারী প্রদর্শন করেন। টুংগীপাড়ায় আয়োজিতব্য অনুষ্ঠানে এ ডকুমেন্টারীটি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য প্রস্তাব করেন। সভাপতি ও সভায় উপস্থিত সদস্যগণ ডকুমেন্টারীর বিভিন্ন বিষয়ে কিছু সংশোধনের পরামর্শ প্রদান করেন। সভাপতি আলোচ্য দিবসের অনুষ্ঠান সূচিতে বিষয়টি অন্তর্ভুক্তির নির্দেশনা প্রদান করেন।

৪। আলোচনায় উত্থাপিত মতামতের ভিত্তিতে আগামী ১৭ মার্চ ২০১৮ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্র. নং | কার্যক্রম | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন | • সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br>• প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।<br>• কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকা |
| ২. | মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর টুঙ্গী পাড়ায় গমন, জাতির পিতার মাজারে পুষ্পস্তবক অর্পণ ও অনার গার্ড প্রদান। | • জেলা প্রশাসক, গোপালগঞ্জ<br>• জেলা পরিষদ, গোপালগঞ্জ<br>• সশস্ত্র বাহিনী বিভাগ<br>• প্রটোকল অফিসার-১, প্রধানমন্ত্রীর কার্যালয় |
| ৩. | টুঙ্গীপাড়ায় শিশু সমাবেশ, সাংস্কৃতিক অনুষ্ঠান, বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক পুস্তক প্রদর্শনী আমার ভাবনায় ৭ই মার্চ শিরোনামে চিত্র প্রদর্শনী | জেলা প্রশাসক, গোপালগঞ্জ, বাংলাদেশ শিশু একাডেমি ও গোপালগঞ্জ শিশু একাডেমি, বাংলা একাডেমি, জাতীয় গ্রন্থাগার কেন্দ্র, ডিএফপি |
| ৪. | আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | • সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>• বাংলাদেশ শিশু একাডেমী<br>• সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>• বাংলা একাডেমী<br>• শিল্পকলা একাডেমী<br>• নজরুল ইন্সটিটিউট<br>• বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন<br>• জেলা প্রশাসক (সকল) |
| ৫. | বঙ্গবন্ধুর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে স্যুভেনির প্রকাশ, পোষ্টার মুদ্রণ, ক্রোড়পত্র মুদ্রণ ও বিতরণ | • স্যুভেনির কমিটি<br>• ডি এফ পি<br>• পিআইডি<br>• বাশিএ |
| ৬. | দিবসটি উদযাপন উপলক্ষে জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ এবং বাংলাদেশ বেতার ও টেলিভিশন কর্তৃক বিশেষ অনুষ্ঠান প্রচার এবং মিডিয়া কভারেজ। বাংলাদেশ টেলিভিশনে বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক অনুষ্ঠানের আয়োজন। | • তথ্য মন্ত্রণালয়<br>• তথ্য অধিদপ্তর<br>• গণযোগাযোগ অধিদপ্তর<br>• বাংলাদেশ টেলিভিশন<br>• বাংলাদেশ বেতার<br>• চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তর(ডিএফপি)<br>• বাংলাদেশ শিশু একাডেমি |

| | | |
|---|---|---|
| ৭. | দেশব্যাপী সকল জেলা ও উপজেলা সদরে শিশু সমাবেশ, আনন্দ র‍্যালি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন<br>বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের ব্যবস্হাকরণ | • জেলা প্রশাসক(সকল)<br>• উপজেলা নির্বাহী অফিসার(সকল)<br>• পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী<br>• জেলা শিশু সংগঠক ও জেলা শিশু বিষয়ক কর্মকর্তা (সকল)<br>• শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়<br>• জেলা প্রশাসকগণ নিজ নিজ জেলায় এবং উপজেলা নির্বাহী অফিসারগণ উপজেলা ও ইউনিয়নসমূহে কর্মসূচী সমন্বয় করবেন। |
| ৮. | জেলা ও উপজেলা সদরে সুবিধাজনক সময়ে বঙ্গবন্ধুর জীবনী ও মহান মুক্তিযুদ্ধভিত্তিক পুস্তক ও ডকুমেন্টারী সপ্তাহব্যাপী প্রদর্শনী এবং বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচারের ব্যবস্হা গ্রহণ | • সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>• তথ্য মন্ত্রণালয়<br>• জাতীয় গ্রন্থ কেন্দ্র, ঢাকা<br>• চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তর এবং<br>• গণযোগাযোগ অধিদপ্তর |
| ৯. | দূতাবাসসমূহে দিবসটি যথাযথ মর্যাদায় উদযাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণ | • পররাষ্ট্র মন্ত্রণালয়<br>• তথ্য মন্ত্রণালয়<br>• পিআইডি |
| ১০. | শিশুর স্বাস্থ্য সচেতনতা, পুষ্টি ও খাদ্য সম্পর্কে আলোচনা | • স্বাস্থ্য মন্ত্রণালয়<br>• মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর |
| ১১. | সকল ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা অনুষ্ঠান | • ধর্ম মন্ত্রণালয়<br>• বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন |
| ১২. | সকল মন্ত্রণালয় কর্তৃক গৃহিত দিবস সংশ্লিষ্ট স্ব স্ব কর্মসূচি এবং শিশু সংশ্লিষ্ট উন্নয়নমূলক কার্যক্রম মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ। | সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় |
| ১৩. | বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক সারাদেশে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাংকন প্রতিযোগিতা এবং ১-১৭ মার্চ পর্যন্ত দেয়ালিকার মাধ্যমে শিশু ভাবনা প্রকাশ। | • বাংলাদেশ শিশু একাডেমি<br>• জেলা শিশু বিষয়ক কর্মকর্তা |
| ১৪. | দিবসটির অনুষ্ঠান/কার্যক্রম বিটিভি, বাংলাদেশ বেতার, টিভি চ্যানেল, কমিউনিটি রেডিও/ এফএম ব্যান্ডে প্রচারের ব্যবস্হা। | • মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>• তথ্য মন্ত্রণালয়। |
| ১৫. | দিবস উপলক্ষ্যে দেশব্যাপী খেলার আয়োজন | • মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>• যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ১৬. | গুরুত্বপূর্ণ স্থানসমূহে আলোক সজ্জাকরণ | • মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>• সিটি কর্পোরেশন (সকল)<br>• জেলা পরিষদ, তিন পার্বত্য জেলা |
| ১৭. | দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচ্য দিবসে বাধ্যতামূলক ভাবে শিক্ষক ও ছাত্রদের উপস্থিতির বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নির্দেশনা জারির জন্য অনুরোধ পত্র প্রেরণ। | • মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>• মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>• কারিগরি ও মাদ্রসা শিক্ষা বিভাগ<br>• প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |

| | | |
|---|---|---|
| ১৮. | শিক্ষা মন্ত্রণালয় থেকে সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি যথাযথমর্যাদায় উদযাপনের জন্য নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ পত্র প্রেরণ । | • মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>• মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>• কারিগরি ও মাদ্রসা শিক্ষা বিভাগ<br>• প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ১৯. | কার্ড, পোষ্টার ও স্যুভেনিরের দৃশ্যমান জায়গায় প্রতিপাদ্য মুদ্রণের সিদ্ধান্ত গৃহিত হয়। | • বাংলাদেশ শিশু একাডেমি<br>• পিআইডি |
| ২০. | রচনা প্রতিযোগিতার বিষয়বস্তু হবে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ। | বাংলাদেশ শিশু একাডেমি |
| ২১. | আগত অতিথিবৃন্দের তালিকা স্ব স্ব প্রতিষ্ঠান হতে অনুষ্ঠানের ন্যুনতম ১০ দিন আগে জেলা প্রশাসক, গোপালগঞ্জের নিকট প্রেরণ করতে হবে মর্মে সকল মন্ত্রণালয়ে পত্র প্রেরণ। | • মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>• পুস্তক প্রদর্শনীতে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস,২০১৭ উদযাপনে আয়োজিত কর্মসূচি সফল ও কার্যকরভাবে বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
২৪/০১/২০১৮
নাছিমা বেগম এনডিসি
সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

নং-৩২.০০.০০০০.০৪১.২২.০০১.১৮- ২৬

তারিখ ঃ ২৯/০১/২০১৮ খ্রী.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

**বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, সুরক্ষা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. আই জি পি, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টাস, ঢাকা
৬. সচিব, স্বাস্থ্য ও সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব, কারিগরি ও মাদ্রসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা
১৬. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে-বাংলা-নগর, ঢাকা
১৮. প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, কচুক্ষেত, ঢাকা
১৯. রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, গণভবন, ঢাকা
২০. অতিঃ সচিব(প্রশাসন/উন্নয়ন ও পরিকল্পনা/শিশু), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
২১. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
২২. যুগ্মসচিব (উন্নয়ন/ প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
২৩. মহাপরিচালক, এন এস আই, সেগুন বাগিচা, ঢাকা

২৫. মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২৬. মহাপরিচালক, বাংলা একাডেমী, ঢাকা
২৭. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুন বাগিচা, ঢাকা
২৮. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সদর দফতর, ঢাকা
২৯. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
৩০. মহাপরিচালক,বাংলাদেশ বেতার,আগারগাঁও, ঢাকা
৩১. মহাপরিচালক,ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা
৩২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন(উত্তর), ৮১, গুলশান এভিনিউ, ঢাকা
৩৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন(দক্ষিণ), নগর ভবন, ঢাকা
৩৪. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা
৩৫. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৬. এডিশনাল আই জি, এসবি, মালিবাগ, ঢাকা
৩৭. জেলা প্রশাসক, ঢাকা
৩৮. জেলা প্রশাসক, গোপালগঞ্জ
৩৯. উপসচিব (উন্নয়ন-২/শিশু/মবিঅ-২/অডিট ও বাজেট/উপপ্রধান/সেল/প্রশিক্ষণ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
৪০. নির্বাহী পরিচালক, নজরুল ইনস্টিটিউট, ৩৩০-ই,২৮(পুরাতন),ধানমন্ডি আ/এ, ঢাকা -১২০৫
৪১. পরিচালক, জাতীয় গ্রন্থ কেন্দ্র, ৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা
৪২. সচিব, বাংলাদেশ জাতীয় যাদুঘর, শাহবাগ, ঢাকা
৪৩. মাননীয় প্রধানমন্ত্রীর প্রটোকল অফিসার-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৪৪. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা
৪৫. জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) ঃ</u>

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
২। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৮/২/১৬

( রহিমা আক্তার )
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৫০৮৬০।